


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমবায় অধিদপ্তর  
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১১০৭।  
[www.coop.gov.bd](http://www.coop.gov.bd)




আদেশ নং- ৩৬(৫২০)

তারিখঃ ২৬/০১/২০১৫ খ্রিঃ।

সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ২৬(৫) বিধিতে সমবায় সমিতির নির্বাচন কার্য পরিচালনার দায়িত্বে নিয়োজিত নির্বাচন কমিটির সকল সদস্যগণের উপযুক্ত পরিমাণ সম্মানী ভাতা পাওয়ার বিধান রয়েছে। তবে উক্ত বিধিতে সম্মানী ভাতার পরিমাণ সম্পর্কে সুনির্দিষ্ট করা হয়নি। এর ফলে ষাঠ পর্যায়ে নির্বাচন কার্য পরিচালনার দায়িত্বে নিয়োজিত নির্বাচন কমিটির সকল সদস্যগণকে সম্মানী ভাতা প্রদানের বিষয়ে জটিলতার সৃষ্টি হয়। উল্লিখিত জটিলতা নিরসনে বর্ণিত সম্মানী ভাতার বিষয়টি নিম্নরূপ ভাবে সুনির্দিষ্ট করা হ'ল।

ক্রমিক নং	সমিতির প্রকার	ভাতার পরিমাণ
১।	জাতীয় সমবায় সমিতি	৩,০০০/- (প্রতি সভায় প্রতি জনের জন্য)। তবে প্রতি সদস্য সর্বোচ্চ ২০,০০০/- টাকার অধিক ভাতা গ্রহণ করতে পারবেন না।
২।	কেন্দ্রীয় সমবায় সমিতি	২,০০০/- (প্রতি সভায় প্রতি জনের জন্য)। তবে প্রতি সদস্য সর্বোচ্চ ১৫,০০০/- টাকার অধিক ভাতা গ্রহণ করতে পারবেন না।
৩।	প্রাথমিক সমবায় সমিতি	১,০০০/- (প্রতি সভায় প্রতি জনের জন্য)। তবে প্রতি সদস্য সর্বোচ্চ ১০,০০০/- টাকার অধিক ভাতা গ্রহণ করতে পারবেন না।

সমবায় সমিতির নির্বাচন কার্য পরিচালনার দায়িত্বে নিয়োজিত নির্বাচন কমিটির সকল সদস্যগণকে সম্মানী ভাতা গ্রহণের ক্ষেত্রে অত্র নির্দেশনা অনুসরণের জন্য বলা হ'ল।

  
(মোঃ মফিজুল ইসলাম)  
নিবন্ধক ও মহাপরিচালক

সমবায় অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ৯১৪১১৩১

E-mail: [coop\\_bangladesh@yahoo.com](mailto:coop_bangladesh@yahoo.com)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ

- ১। অতিরিক্ত নিবন্ধক, প্রশাসন, গ্রাসউ ও ফাইন্যান্স/ইপিপি/অডিট ও আইন/সমিতি ব্যবস্থাপনা), সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ২। অধ্যক্ষ (অতিরিক্ত নিবন্ধক), বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা।
- ৩। মুখ্য নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/রংপুর।
- ৪। অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় শিক্ষায়তন মুক্তাগাছা/ফরিদপুর/ফেনী/মৌলভীবাজার/নওগাঁ/রংপুর/কুষ্টিয়া/খুলনা/বরিশাল/নরসিংদী।
- ৫। জেলা সমবায় কর্মকর্তা, ... (সকল)।
- ৬। উপজেলা সমবায় কর্মকর্তা, ... (সকল)।

২৬/০১/২০১৫